# তেহরানে খামেনিকে শেষ শ্রদ্ধা জানাতে মানুষের ঢল



ছবি: সংগৃহীত

ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ সাইয়্যেদ আলী হোসেইনী খামেনির প্রতি শেষ শ্রদ্ধা জানানোর আনুষ্ঠানিকতা শুরু হয়েছে। শনিবার (৪ জুলাই) সকালে তেহরানের গ্র্যান্ড মোসাল্লা মসজিদ প্রাঙ্গণে বিপুল মানুষের উপস্থিতিতে এ আয়োজন শুরু হয়।

ইরানের সংবাদমাধ্যম তাসনিম জানায়, অনুষ্ঠান শুরু হওয়ার অনেক আগেই মসজিদ চত্বরে মানুষের ভিড় জমে। ফজরের নামাজের পরপরই গ্র্যান্ড মোসাল্লার প্রবেশদ্বার খুলে দেওয়া হলে হাজারো মানুষ ভেতরে প্রবেশ করে শ্রদ্ধা নিবেদন করেন।

শেষ বিদায়ের এই আয়োজনে ইরানের বিভিন্ন শহর ও গ্রামের মানুষ ছাড়াও বিদেশি প্রতিনিধি দলের সদস্যরাও অংশ নেন। অনেকের হাতে ছিল ইরানের জাতীয় পতাকা, খামেনির প্রতিকৃতি এবং বিভিন্ন প্রতীকী ব্যানার।

সূত্র: তাসনিম নিউজ।

LENS ASIA